দৈনিক ইত্তেফাক

তারিখ ...17 NOV 1990
পৃষ্ঠা... ৩ ...কলাম... ৮

24

# যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষায় কুষ্টিয়া সরকারী কলেজের সাফল্য

যশোর বোর্ডের এইচ, এস, সি কুষ্টিয়ার সংবাদদাতা জানান, এবার যশোর বোর্ডের অধীনে এইচ, এস, সি পরীক্ষায় কুষ্টিয়া সরকারী কলেজের ছাত্র-ছাত্রীরা অভবাধিত সাফল্য অর্জন করিয়াছে। যশোর বোর্ডের মেধা তালিকায় কুষ্টিয়ার দশজনের মধ্যে নয়জনই

( ৯ম পৃঃ দ্রঃ )

## যশোর বোর্ড

(৩য় পৃঃ পর)

রহিয়াছে কুষ্টিয়া সরকারী কলেজের ছাত্র-ছাত্রী। তন্মধ্যে মানবিক বিভাগে যশোর বোর্ডে প্রথম স্থান অধিকারী মোঃ মামুনুর রহমান-সহ ৪ জন, বাণিজ্য বিভাগে ২জন এবং বিজ্ঞান বিভাগে ২ জন রহিয়াছে। এই কলেজে এবার পাসের হার বিজ্ঞান বিভাগে ৫০, কলা বিভাগে ৪১ এবং বাণিজ্য বিভাগে ৩৪ শতাংশ রহিয়াছে।

কুষ্টিয়া সরকারী কলেজের ছাত্র-ছাত্রীদের এই প্রথমবারের মতো অভাবিত সাফল্যে প্রতিক্রিয়া সম্পর্কে কলেজের অধ্যক্ষ মোহাম্মদ আতাহার আলী দেওয়ান জানান যে, এই সাফল্যে তিনি তেমন খুশী নন। কারণ তিনি সাবিকভাবে কলেজের আরও সাফল্য আশা করিয়াছিলেন।

তাহা হইলে বোর্ডের মেধা তালিকায় ৯জনের নামের স্থান লাভ কলেজের শিক্ষক-শিক্ষিকার পরিশ্রম এই সাফল্যের সার্থকতা আনিয়াছে।